

শেরপুর উপজেলা কেন্দ্রীয় সমবায় সমিতি লিঃ

(বিআরডিবি-ইউসিসিএ লিঃ)

শেরপুর, বগুড়া।

স্মারক নং ৪৭.৬২.১০৮৮.০০০.০৬.০৩৯.২৫. ২০

তারিখ : ২১/০১/২০২৫

ঃ ৪৪ তম বার্ষিক সাধারণ সভার নোটিশ ঃ

এতদ্বারা শেরপুর ইউসিসিএলিঃ এর আওতাভুক্ত কৃষক ও মহিলা সমবায় সমিতির ম্যানেজার/সভাপতিদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, শেরপুর ইউসিসিএ লিঃ এর ৪৪ তম বার্ষিক সাধারণ সভা আগামী ২৯/০১/২০২৫ খ্রিঃ মোতাবেক ১৫ মাঘ/ ১৪৩১ বঙ্গাব্দ রোজঃ বুধবার সকাল ১১.০০ ঘটিকায় বিআরডিবি'র প্রশিক্ষণ হলে অনুষ্ঠিত হবে। উক্ত বার্ষিক সাধারণ সভায় অংশ গ্রহনের জন্য প্রত্যেক সমিতি হতে (সংশ্লিষ্ট সমিতির বৈধ কার্যনির্বাহী কমিটির রেজুলেশন মূলে ক্ষমতা প্রাপ্ত) একজন বৈধ প্রতিনিধি প্রেরণের জন্য অনুরোধ করা হলো। এতদসংগে ২০২৩-২০২৪ খ্রিঃ সনের উদ্ধৃতপত্র সংযোজন করা হলো।

আলোচ্য সূচী ঃ

- ১। বিগত বার্ষিক সাধারণ সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।
- ২। ব্যবস্থাপনা কমিটির কার্যক্রমের উপর বাৎসরিক রিপোর্ট পর্যালোচনা ও অনুমোদন।
- ৩। বার্ষিক হিসাব বিবরণী পঠন ও অনুমোদন।
- ৪। উদ্ধৃতপত্র ও নিরীক্ষা প্রতিবেদন (৩০-০৬-২০২৪ ইং তারিখে) পর্যালোচনা ও অনুমোদন।
- ৫। ২০২৫-২৬ অর্থ বছরের জন্য প্রস্তাবিত বাজেট অনুমোদন।
- ৬। ঋণ গ্রহনের সর্বোচ্চ সীমা নির্ধারণ প্রসঙ্গে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহন।
- ৭। ইউসিসিএ লিঃ এর ঋণ খাতে নিজস্ব তহবিল বিনিয়োগ প্রসঙ্গে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহন।
- ৮। প্রাথমিক সমিতির (কেএসএস ও এমএসএস) এর সঞ্চয়ের সুদ ও শেয়ারের লভ্যাংশ প্রদান সম্পর্কে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহন।
- ৯। স্থায়ী সম্পদের উপর ১০% অবচয় নির্ধারণ প্রসঙ্গে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহন।
- ১০। ইউসিসিএ লিঃ এর ত্রয়কৃত ৪০ শতক জমির রেকর্ড সংশোধন প্রসঙ্গে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহন।
- ১১। শেরপুর ইউসিসিএ লিঃ এর অবসরপ্রাপ্ত কর্মচারীদের গ্র্যাচুইটি প্রদানের স্বার্থে বিগত বছরের স্থিতিপত্রের কতিপয় খাত পরিবর্তন প্রসঙ্গে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহন।
- ১২। শেরপুর ইউসিসিএ লিঃ এর অবসরপ্রাপ্ত ০৪ (চার) জন কর্মচারীকে গ্র্যাচুইটি প্রদানের বিষয়ের আলোচনা ও সিদ্ধান্ত গ্রহন।
- ১৩। ইউসিসিএ লিঃ এর শেয়ার, সঞ্চয়ের স্থায়ী আমানত হতে প্রাপ্ত সুদের ৫০% অর্থ সংরক্ষণ পূর্বক অবশিষ্ট সংরক্ষিত সুদ হতে কর্মচারীদের বেতন ভাতা প্রদানের সিদ্ধান্ত সম্পর্কে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহন।
- ১৪। শেরপুর ইউসিসিএ লিঃ এর ০২(দুই) জন পরিদর্শক পদে লোক নিয়োগ প্রসঙ্গে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহন।
- ১৫। সূত্রাপুর কেএসএস লিঃ এর মৃত সদস্যর খেলাপী ঋণ ইউসিসিএ লিঃ এর কু-ঋণ হতে সমন্বয় প্রসঙ্গে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহন।
- ১৬। বিবিধ।

শেরপুর ইউসিসিএ লিঃ এর ব্যবস্থাপনা কমিটির ০৭/০১/২০২৫ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত মোতাবেক এ নোটিশ জারি করা হলো।

(মোঃ আরিফুর রহমান)
উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা
ও সচিব
ইউসিসিএ লিঃ, শেরপুর, বগুড়া।

স্মারক নং ৪৭.৬২.১০৮৮.০০০.০৬.০৩৯.২৫. ২০

তারিখ : ২১/০১/২০২৫

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)।

- ১। ম্যানেজার /সভাপতিকৃষক /মহিলা সমবায় সমিতি লিঃ, শেরপুর, বগুড়া।
- ২। জনাব/বেগম.....সভাপতি/সহ সভাপতি/সদস্য(সকল)কার্যনির্বাহী কমিটি, শেরপুর ইউসিসিএ লিঃ, বগুড়া।
- ৩। জনাব.....পরিদর্শক /মাঠ সংগঠক (সকল), ইউসিসিএ লিঃ, শেরপুর, বগুড়া।
- ৪। জুনিয়র অফিসার (হিসাব), বিআরডিবি, শেরপুর, বগুড়া।
- ৫। সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিআরডিবি, শেরপুর, বগুড়া।
- ৬। উপজেলা সমবায় অফিসার, শেরপুর, বগুড়া।
- ৭। জেলা সমবায় অফিসার, বগুড়া।
- ৮। উপজেলা নির্বাহী অফিসার, শেরপুর, বগুড়া।
- ৯। উপপরিচালক, বিআরডিবি, বগুড়া।
- ১০। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শেরপুর, বগুড়া।
- ১১। যুগ্ম নিবন্ধক, সমবায় অধিদপ্তর, রাজশাহী বিভাগ, রাজশাহী।
- ১২। অফিস নথি/সংশ্লিষ্ট নথি/ নোটিশ বোর্ড।

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা
ও সচিব